



পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ইআবি/পনি/ফাজিল অনার্স/২০১৯/১৪৭৩

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০১৯ খ্রি.
২৯ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি


ফাজিল অনার্স পরীক্ষা-২০১৯ এর মৌখিক পরীক্ষা ও ইনকোর্স/টিউটোরিয়াল পরীক্ষা সংক্রান্ত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল অনার্স পরীক্ষা-২০১৯ এর ২য় বর্ষ (পুরাতন সিলেবাস) এবং ৩য় ও ৪র্থ বর্ষের মৌখিক পরীক্ষা আগামী ১০/১২/২০১৯ খ্রি. তারিখ থেকে শুরু হবে। মৌখিক পরীক্ষা সম্পন্ন করার জন্য মনোনীত বহিরাগত পরীক্ষকের নিকট যথাসময়ে পত্র প্রেরণ করা হবে।

অতএব, সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ১১/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে মৌখিক পরীক্ষা সম্পন্ন করে প্রাপ্ত নম্বর ও সকল বর্ষের ইনকোর্স/টিউটোরিয়াল নম্বর তাৎক্ষনিক ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। সফটওয়্যার থেকে প্রাপ্ত প্রিন্ট কপিতে পরীক্ষকগণের স্বাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন এবং এক কপি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর বরাবর পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো।

নির্দেশিকাঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট center.iau.edu.bd এ প্রবেশ করুন।
- প্রবেশ করার পর অবশ্যই “তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা” বাটন এ ক্লিক করুন এবং নির্দেশিকা অনুসরণ করুন।
- Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করুন।
- পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই মৌখিক পরীক্ষা এবং ইনকোর্স/টিউটোরিয়াল পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধ করতে হবে।
- লিপিবদ্ধ করা শেষ হলে Final Lock বাটনে ক্লিক করে Print করুন।



(প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মাদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।